



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়



# কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ০২৩৩৪৪০৫৯৮৮ (ডিগ্রী শাখা); ৬৫২৪৫ (উচ্চমাধ্যমিক শাখা)  
ফ্যাক্স : ৮৮-০৮১-৯১১৬১; ই-মেইল : [principal@cvgc.edu.bd](mailto:principal@cvgc.edu.bd) ওয়েব সাইট : [www.cvgc.edu.bd](http://www.cvgc.edu.bd)  
Facebook Page: <https://www.facebook.com/cvgc.edu.bd>

স্থাপিত - ১৮৯৯

তারিখ : ১৭/০১/২০২২ খ্রি.

## বিজ্ঞপ্তি

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজে স্নাতক (সম্মান), স্নাতকোত্তর এবং ডিগ্রি (পাস) কোর্সে নিয়মিত অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত আন্তঃকলেজ ক্রীড়া ও সংস্কৃতি প্রতিযোগিতা- ২০২৩ এ অংশগ্রহণের নিমিত্তে নিম্নলিখিত ইভেন্টসমূহে ছক অনুযায়ী আগামী ১৮/০১/২০২৩ তারিখের মধ্যে স্ব-স্ব বিভাগে নাম জমা দেওয়ার জন্য নির্দেশ দেওয়া গেলো। ডিগ্রি পাস কোর্সের ছাত্র/ছাত্রীদেরকে তাদের ইভেন্টভিত্তিক নাম ছক অনুযায়ী নির্ধারিত সময়ে প্রশাসনিক ভবনে প্রধান সহকারীর নিকট জমা দেওয়ার জন্য বলা হলো। নাম জমা দেওয়ার সময় কলেজ পরিচয়পত্রের ফটোকপি ০১ কপি, রেজিঃ কার্ডের ফটোকপি ০১ কপি ও স্ট্যাম্প সাইজের ছবি ০২ কপি জমা দিতে হবে।  
উল্লেখ্য আন্তঃকলেজ ক্রীড়া ও সংস্কৃতি প্রতিযোগিতা পর্যায়ক্রমে উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে।

ক্রমিক নং	প্রতিযোগীর নাম	বিষয়/বিভাগ	ক্লাস রোল নং	শিক্ষাবর্ষ	রেজিস্ট্রেশন নং	ইভেন্টের নাম	জন্ম তারিখ	প্রতিযোগীর ছবি (স্ট্যাম্প সাইজ)	প্রতিযোগীর স্বাক্ষর	প্রতিযোগীর মোবাইল নম্বর

প্রতিযোগিতার ইভেন্টসমূহ নিম্নরূপ:

১. সংস্কৃতি প্রতিযোগিতা:

ক) রবীন্দ্র সঙ্গীত খ) নজরুল সঙ্গীত গ) দেশাত্মবোধক গান ঘ) লোকগীতি ঙ) আবৃত্তি চ) একক বা দ্বৈত অভিনয় ছ) নৃত্য (একক) জ) সৃজনশীল দলীয় নৃত্য এবং ঝ) উপস্থিত বক্তৃতা

২. ক্রীড়া প্রতিযোগিতা (ছেলে ও মেয়েদের ক্ষেত্রে পৃথক ছক ব্যবহার করবে)

ক) ১০০ মিটার দৌড়, খ) ২০০ মিটার দৌড়, গ) লং জাম্প ঘ) হাই জাম্প ঙ) শট পুট চ) চাকতি নিক্ষেপ  
ছ) ফুটবল জ) ক্রিকেট ঝ) ব্যাডমিন্টন ঞ) টেবিল টেনিস ট) হকি ঠ) দাবা ড) হ্যান্ডবল ঢ) ক্যারাম  
ণ) ভলিবল ত) বাস্কেট বল থ) সাঁতার (ফ্রিস্টাইল ও ব্রেস্টস্ট্রোক) এবং দ) কাবাডি।

*Abdullah*  
17.01.2023

প্রফেসর ড. আবু জাফর খান (৩৯১৪)

অধ্যক্ষ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ  
কুমিল্লা

বিতরণ:

- ০১। উপাধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০২। সকল বিভাগীয় প্রধান, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৩। আহবায়ক, এ.পি.এ কমিটি, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৪। সম্পাদক, শিক্ষক পরিষদ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৫। একাডেমিক কাউন্সিল ফেসবুক পেইজ/শিক্ষক পরিষদ ফেসবুক পেইজ/কলেজ ওয়েব সাইট
- ০৬। সংরক্ষণ নথি